

লাহোরে সন্ত্রাসী হামলার নিন্দা জানালেন আহমদীয়া মুসলিম জামাত প্রধান

আহমদীয়া মুসলিম জামাতের বিশ্ব প্রধান, পঞ্চম খলীফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.), গতকাল লাহোরের গুলশান-এ-ইকবাল পার্কে সংঘটিত সন্ত্রাসী আক্রমণের তীব্র নিন্দা জানান।

লন্ডন থেকে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:



হযরত মির্যা মসরুর আহমদ (আই.)

আহমদীয়া মুসলিম জামাতের
বিশ্বজনীন আধ্যাত্মিক নেতা ও খলীফা

“গতকাল লাহোরে সন্ত্রাসী আক্রমণ অনেক খ্রিস্টান ও মুসলমান প্রাণ হারিয়েছেন। এই হামলায় আক্রান্তদের প্রতি নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামাতের পক্ষ থেকে আমি গভীর সহানুভূতি ও শোক প্রকাশ করছি।

এই বর্বর ও মানুষের প্রাণের প্রতি অবজ্ঞাপূর্ণ হামলা আমাদের কেবলই স্তম্ভিত ও বিক্ষুব্ধ করে, যখন কিনা আক্রান্তদের অধিকাংশই ছিলেন সম্পূর্ণভাবে অসহায় মহিলা ও শিশু। কখনই কোন আকারে ও প্রকারে এ ধরনের আক্রমণ সমর্থনযোগ্য নয় এবং তাই সকল ধরনের সন্ত্রাসী ও চরমপন্থী কর্মকাণ্ড কে অবশ্যই সম্ভাব্য সর্বোচ্চ জোরালো ভাষায় নিন্দা জানানো উচিত।

আল্লাহ তা'আলা স্বজন হারা ও ক্ষতিগ্রস্তদের ধৈর্য দান করুন এবং যারা প্রাণ হারিয়েছেন তাদের সকলের উপর অনুগ্রহ ও কৃপা বর্ষণ করুন। শত শত মানুষ যারা আহত হয়েছেন আল্লাহ তা'আলা তাদের দ্রুত ও পূর্ণ আরোগ্য দান করুন।